



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বরাদ্দ আদেশ

খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কাপ্তাই উপজেলার অক্টোবর/২০২২খ্রিঃ মাসের জন্য নিম্নোক্ত নিয়োজিত ডিলারগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ চাল বরাদ্দ প্রদান করা হল। নিয়োজিত ডিলারগণ আগামী ১৭/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে প্রতি মেট্রিক টন চালের মূল্য ১৩,০০০/- (তের হাজার) টাকা হারে নির্ধারিত কোডে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক অত্র দপ্তর হতে ডিও গ্রহণ পূর্বক তাদের অনুকূলে বরাদ্দকৃত চালের পরিমাণ সংশ্লিষ্ট ডিলারগণ প্রকৃত কার্ডধারীর নিকট প্রতি কেজি চালের মূল্য ১৫/- (দশ) টাকা দরে ৩০ কেজি চাল সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রতি সপ্তাহে সোম, মঙ্গল ও বুধবার চাল বিক্রি শেষ না হওয়া পর্যন্ত বিক্রি করবেন। নির্ধারিত দিনের মধ্যে ও মাসের শেষান্তে চাল বিক্রি শেষ না করতে পারলে অন্যান্য দিনেও তদারকী কর্মকর্তার পরামর্শক্রমে চাল বিক্রি করা যেতে পারে।

ডিলারগণ গুদাম হতে দোকানে নেওয়ার সাথে সাথে তাদের দোকানে ট্যাগকৃত তদারকি কর্মকর্তাকে আবিশ্যিকভাবে অবহিত করবেন এবং তদারকি কর্মকর্তার উপস্থিতিতে ও নির্দেশক্রমে বিক্রির নির্ধারিত দিনে কার্ডধারীদের নিকট চাল বিক্রি করবেন। পাশাপাশি স্থানীয় ইউপি চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের সচিব ও মেম্বারগণকেও চাল বিক্রি সম্পর্কে অবহিত করবেন। বিক্রির নির্ধারিত দিনে বিক্রির পরিমাণ অত্র দপ্তরকে মুঠোফোনে অবশ্যই অবহিত করবেন।

ক্রঃ নং	খাদ্যবান্ধব ডিলারের নাম ও ঠিকানা	কার্ড সংখ্যা	চাল বরাদ্দের পরিমাণ	চাল বিক্রির সময়সূচি	দোকানের অবস্থান
১	মাহামুদুর রহমান ১নং চন্দ্রঘোনা ইউনিয়ন	২০৬	৬.১৮০ মেঃটন	সোম, মঙ্গল ও বুধবার	বারঘোনিয়া ইঞ্জিনিয়ার কলোনীর পার্শ্বে
২	সঞ্জীব দে ২নং রাইখালী ইউনিয়ন	২৫৩	৭.৫৯০ মেঃটন	ঐ	রাইখালী বাজার
৩	মিলন কান্তি বিশ্বাস ৩নং চিংমরম ইউনিয়ন	৮৯	২.৬৭০ মেঃটন	ঐ	চিংমরম বাজার
৪	নাইমুর রহমান ৪নং কাপ্তাই ইউনিয়ন	২৮৭	৮.৬১০ মেঃটন	ঐ	কাপ্তাই নতুন বাজার
৫	বাবুল বিশ্বাস ৫নং ওয়াজা ইউনিয়ন	১৬৯	৫.০৭০ মেঃটন	ঐ	বড়ইছড়ি বাজার
	মোট=	১০০৪	৩০.১২০ মেঃটন		

(তরুন প্রকাশ চাকমা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।
তারিখ- ১৩/১০/২০২২খ্রিঃ।

স্মারক নং- ১৩.০১.৮৪৩৬.০০৭.৫৭.০০১.২০- ৬৫৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশামাটি পার্বত্য জেলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।
৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।
৫. চেয়ারম্যান, চন্দ্রঘোনা/রাইখালী/চিংমরম/কাপ্তাই/ওয়াজা ইউনিয়ন পরিষদ, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. জনাব উপজেলা কর্মকর্তা/উপসহকারী কর্মকর্তা ও তদারকি কর্মকর্তা, খাদ্যবান্ধব কর্মসূচি বাজার, ইউপি, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বড়ইছড়ি এলএসডি, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।। সঠিক ওজন ও নমুনা ব্যাগ সহকারে সংশ্লিষ্ট ডিলারের অনুকূলে ইস্যুকৃত চাল বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।
৩. জনাব খাদ্যবান্ধব ডিলার বাজার ইউপি, কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।। অবগতি ও আপনার অনুকূলে ডিওকৃত মোট চালের পরিমাণ মেঃটন চাল নির্ধারিত সময়ের মধ্যে গুদাম হতে উত্তোলিত চাল আপনার দোকান/বিক্রয়কেন্দ্রে নেওয়ার সাথে সাথে নিম্নস্বাক্ষরকারীসহ দোকানের সাথে ট্যাগকৃত তদারকি কর্মকর্তাকে আবিশ্যিকভাবে অবহিত করার জন্য এবং বিক্রির নির্ধারিত দিনে তদারকি কর্মকর্তার উপস্থিতিতে ও নির্দেশক্রমে কার্ডধারীদের নিকট চাল বিক্রি করার জন্য অনুরোধ করা হল।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
কাপ্তাই, রাজশামাটি পার্বত্য জেলা।